



সূত্র: ৪৩৯/সা.বি.অ./১৩৫ পাট ১৪

তারিখ: ০১/১১/২০২২

নোটিশ

মুক্তিযোদ্ধা কোটায় নির্বাচিতদের তালিকা

ইউনিট A (কলা অনুষদ, আইন অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ, চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)-এর ২০২১-২০২২ শিক্ষাবর্ষের ১ম বর্ষ (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষায় মুক্তিযোদ্ধা কোটায় নিম্নবর্ণিত ছাত্র-ছাত্রীদেরকে তাদের নামের পার্শ্বে উল্লেখিত বিভাগে ভর্তির জন্য নির্বাচিত করা হলো। তাদের মধ্যে যারা ইতোপূর্বে মেধার ভিত্তিতে ভর্তি হয়েছে, তাদের মাইগ্রেশনসহ বর্তমান অবস্থান উল্লেখ করা হলো। নির্বাচিত ছাত্র-ছাত্রীদেরকে আগামী ০২ নভেম্বর, ২০২২ থেকে ০৬ নভেম্বর, ২০২২ সকাল ৯.০০ টা থেকে বিকাল ৩.০০ টার মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। তবে ইতোমধ্যে ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীদের নতুন করে ভর্তি হওয়ার প্রয়োজন নেই।

কলা অনুষদভূক্ত বিভাগসমূহের জন্য নির্বাচিত প্রার্থীদের কলা অনুষদ অফিসে, আইন অনুষদভূক্ত বিভাগসমূহের জন্য নির্বাচিত প্রার্থীদের আইন অনুষদ অফিসে, সামাজিক বিজ্ঞান অনুষদভূক্ত বিভাগসমূহের জন্য নির্বাচিত প্রার্থীদের সামাজিক বিজ্ঞান অনুষদ অফিসে, চারুকলা অনুষদভূক্ত বিভাগসমূহের জন্য নির্বাচিত প্রার্থীদের চারুকলা অনুষদ অফিসে এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট-এর জন্য নির্বাচিত প্রার্থীদের ইনস্টিটিউট অফিসে উপস্থিত হয়ে সাক্ষাৎকারসহ ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে না পারলে A ইউনিটে তাদের ভর্তির মনোনয়ন চূড়ান্তভাবে বাতিল বলে গণ্য হবে।

আসন ফাঁকা থাকা সাপেক্ষে পরবর্তীতে মুক্তিযোদ্ধা কোটার দ্বিতীয় মেধা তালিকা (অপেক্ষমান প্রার্থীদের মধ্য থেকে) ০৬ নভেম্বর, ২০২২ তারিখে রাজশাহী বিশ্ববিদ্যালয় ওয়েব সাইটে (admission.ru.ac.bd) প্রকাশ করা হবে।


ভর্তি সংক্রান্ত তথ্যাবলী নিম্নরূপ:

- ১। অনলাইনে <http://admission.ru.ac.bd>-তে ০২ নভেম্বর, ২০২২ থেকে ০৬ নভেম্বর, ২০২২ সকাল ৯.০০মি. থেকে ভর্তি ফরম পূরণ করতে হবে। পরীক্ষার্থীদের নিজে অনলাইনে পূরণকৃত ফরমটি অফসেট কাগজে তিন কপি প্রিন্ট নিয়ে স্বাক্ষর করে A4 সাইজের খামে পরীক্ষার্থীর নাম, বিভাগের নাম, রোল নম্বর লিখে অনুষদ অফিসে জমা দিতে হবে।
- ২। ওয়েবপেজে প্রদত্ত পদ্ধতিতে ভর্তি বাবদ প্রয়োজনীয় টাকা জমা দিতে হবে (ভর্তি ফি জমা দেয়ার বিস্তারিত পদ্ধতি <http://admission.ru.ac.bd> ও online admission guideline থেকে জানা যাবে)।
- ৩। সাক্ষাৎকার ও সনদপত্র সন্তোষজনক হলে স্বাক্ষরিত ভর্তি ফরমের দুই কপি, ভর্তি পরীক্ষার প্রবেশপত্র, এসএসসি/সম্মান ও এইচএসসি/সম্মান পরীক্ষার মূল মার্কশীট এবং এইচএসসি/সম্মান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড জমা দিতে হবে।

ভর্তি প্রক্রিয়ার শুরুতেই নির্বাচিত প্রার্থীদের সাক্ষাৎকার স্ব-স্ব অনুষদ অফিসে গ্রহণ করা হবে। সাক্ষাৎকারের সময় প্রার্থীকে নিম্নে বর্ণিত কাগজপত্র অবশ্যই সঙ্গে আনতে হবে:

- (১) ভর্তি পরীক্ষার কক্ষে পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত প্রবেশপত্র,
- (২) Subject Choice Form-এর প্রিন্ট কপি,
- (৩) এসএসসি/সম্মান ও এইচএসসি/সম্মান পরীক্ষার মূল মার্কশীট,
- (৪) এইচএসসি মূল রেজিস্ট্রেশন কার্ড।

প্রকাশিত ফলাফলে কোন ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।


০১/১১/২০২২

(প্রফেসর ড. মো. ইলিয়াছ হোসেন)

চীফ কো-অর্ডিনেটর

ইউনিট: A (কলা অনুষদ, আইন অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ, চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)
১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা ২০২১-২০২২

ও

ডীন

সামাজিক বিজ্ঞান অনুষদ

রাজশাহী বিশ্ববিদ্যালয়।